দামুড়হুদায় ফুলকপি চাষে ক্ষতিগ্রস্থ কৃষকের জমি পরিদর্শনে কৃষি অফিসার

দামুড়হুদা উপজেলার জয়রামপুরে ফুলকপি চাষে ক্ষতিগ্রস্থ কৃষকের ক্ষেত পরিদর্শন করলেন কৃষি অফিসার শারমিন আক্তার। গতকাল রোববার বেলা ১২ টার দিকে তিনি সরজমিনে জয়রামপুর মাঠে গিয়ে পরিদর্শন করেন।

জানাগেছে দামুড়হুদা উপজেলার জয়রামপুরে কিরন ফুলকপি চাষে ক্ষতিগ্রস্থ হয় অসংখ্য কৃষক। এ বিষয়ে বিভিন্ন পত্রপত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। তারই ধারাবাহিকতায় উপজেলার জয়রামপুরের ভুক্তভোগী ২০ জন কৃষক ক্ষতিপূরণ চেয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বরাবর লিখিত অভিযোগ করেন। অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপরে তদন্তের ভার দেন। তারই প্রেক্ষিতে গতকাল রোববার দুপুরে উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার ক্ষতিগ্রস্ত ফুলকপি চাষীদের ক্ষেত সরজমিনে পরিদর্শন করেন এবং কৃষকদের সঙ্গে আলাপ আলোচনা করে তাদের খোঁজখবর নেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস সহ উপসহকারি কৃষি অফিসার ও ভুক্তভোগী কৃষকেরা।

এ সময় উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার বলেন, আমরা তদন্ত করতে গিয়েছিলাম। কৃষক নি:সন্দেহে ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে কারণ টা আমরা আরো বিস্তারিত সবকিছু পর্যবেক্ষণ করে পরে প্রতিবেদন আকারে মতামত দিব।